অনুষ্ঠান।

তারিখ ১৫।২।৮১
পৃষ্ঠা
কলাম

035

# আজ সার্জেণ্ট জহুরুল হকের দ্বাদশ মৃত্যু বার্ষিকী

(নিজস্ব বার্তা পরিবেশক)

আজ সার্জেণ্ট জহুরুল হকের দ্বাদশ মৃত্যু বার্ষিকী। তথাকথিত আগরতলা ষড়যন্ত্র মামলার বিচারাধীন বন্দী আসামী থাকাকালে '৬৯ সালে পাকিস্তানী সেনাবাহিনী ঢাকা সেনানিবাসে তাঁকে গুলী করে হত্যা করে।

শহীদ সার্জেণ্ট জহুরুল হকের মৃত্যু বার্ষিকী উপলক্ষে জাতীয় সমাজতান্ত্রিক দলের সাধারণ সম্পাদক জনাব আ. শ. ম. আবদুর রব এক বিবৃতিতে বলেন: পাক সরকারের এই বর্বর হত্যাকাণ্ডের পরই সশস্ত্র বাংলাদেশ বারুদে রূপান্তরিত হয়েছিল এবং জাতীয়তাবাদী আন্দোলন অতি দ্রুত গতিতে বিকশিত হয়। বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামে তাই সার্জেণ্ট জহুরের অবদান অনস্বীকার্য।

তিনি বলেন: শহীদ জহুর জাতীয়তাবাদী আন্দোলনে যোগ দিয়ে আত্মদান করেছেন। তিনি তার অসমাপ্ত কাজ সমাপ্ত করার লক্ষ্যে জনতার আন্দোলনকে এগিয়ে নিয়ে যাবার সংকল্প ঘোষণা করেন।

সার্জেণ্ট জহুরের মৃত্যু বার্ষিকী উপলক্ষে জাসদ জাতীয় কমিটির নেতৃবৃন্দ আজ সকাল ৭টায় আজিমপুরে শহীদের মাজারে পুষ্পমাল্য অর্পণ ও মাজার জেয়ারত করবেন।

সার্জেণ্ট জহুরের মৃত্যু বার্ষিকী উপলক্ষে মুক্তিযোদ্ধা সংহতি পরিষদ প্রত্যুষে শহীদের মাজারে পুষ্পমাল্য অর্পণ সারা দিন কাল ব্যাজ ধারণ এবং ১৮ই ফেব্রুয়ারী বিকেল ৩টায় কেন্দ্রীয় শহীদ মিনার প্রাঙ্গণে জনসমাবেশ ও সাংস্কৃতিক অনুষ্ঠানের কর্মসূচী নিয়েছে।

বাংলাদেশ ছাত্র লীগের (মুনীর হাসিব) সভাপতি জনাব মুনীর উদ্দিন আহমদ ও সাধারণ সম্পাদক জনাব আবুল হাসিব খান ফ্যাসিবাদী সরকারের বিরুদ্ধে ঐক্যবদ্ধ আন্দোলন রচনার শপথ গ্রহণের মাধ্যমে শহীদ সার্জেণ্ট জহুরের মৃত্যু বার্ষিকী পালনের আহবান জানান।